গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২-**৬৫৬**

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০ / ২৫ জুন ২০২৩

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২-এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.৯৭, তারিখ: ১৮ এপ্রিল ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ কৌশলপত্রটিতে ১০টি রাষ্ট্রীয় এবং ৬টি অরাষ্ট্রীয় প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উদ্দেশ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদে কর্ম-পরিকল্পনা উপস্থাপন করা হয়েছে। এ বিভাগের জন্য প্রযোজ্য কর্ম-পরিকল্পনায় তাঁর সিটি কর্পোরেশন/স্থানীয় সরকার প্রতিষ্ঠান/অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রমের (কপি সংযুক্ত, ছক-ক) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নোক্ত ছক (ছক-খ) মোতাবেক জরুরিভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্রমিক | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | | |

সংযুক্তি: বর্ণনামতে।

২৫/০৬/২০২৩
(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ও
শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মোবাইল: ০১৭১৬-৪২৬১২০
ইমেইল: lgcc1@lgd.gov.bd

১। প্রধান নির্বাহী কর্মকর্তা .................... সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)।
২। যুগ্মসচিব (প্রশাসন/নগর উন্নয়ন-২/উপজেলা/ইউপি), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।

**অনুলিপি-জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

শুদ্ধাচার শাখা

www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.৯৭

তারিখ: ৫ বৈশাখ ১৪৩০
১৮ এপ্রিল ২০২৩

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২-এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ কৌশলপত্রটিতে ১০টি রাষ্ট্রীয় এবং ৬টি অরাষ্ট্রীয় প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উদ্দেশ্যে স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদে কর্ম-পরিকল্পনা উপস্থাপন করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের জন্য প্রযোজ্য কর্ম-পরিকল্পনায় স্থানীয় সরকার বিভাগ-সংশ্লিষ্ট কার্যক্রমের অংশটুকু ছক (ছক-ক) মোতাবেক নিম্নে উপস্থাপন করা হলো:

ছক:ক

| ক্রমিক | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | সময় | দায়িত্ব | সহায়তাকারী |
|---|---|---|---|---|---|
| ১. | সামাজিক-অর্থনৈতিক-ভৌগোলিক বাস্তবতার আলোকে (জনসংখ্যা, আয়তন, অনগ্রসরতা) স্থানীয় সরকারসমূহে সম্পদ বরাদ্দ বৃদ্ধিকরণ | বাৎসরিকভাবে বৃদ্ধিপ্রাপ্ত বরাদ্দ | স্বল্পমেয়াদে | স্থানীয় সরকার বিভাগ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ২. | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের আয়ের ভিত্তির পরিসর বৃদ্ধিকরণ | নতুন ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে কর সংগ্রহের সুযোগদান; 'বিক্রয় কর', 'মূল্য সংযোজন কর' আহরণ করার আইনি ভিত্তি প্রদান | মধ্যমেয়াদে | স্থানীয় সরকার বিভাগ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৩. | স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তা, কর্মচারীদের স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিতকরণের জন্য নাগরিক উদ্যোগ গ্রহণ | সংগঠিত নাগরিকগোষ্ঠী কর্তৃক রিপোর্ট কার্ড দাখিল এবং স্থানীয় সরকারের সংস্থাসমূহ থেকে তথ্য লাভ | মধ্যমেয়াদে | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ | সুশীল সমাজ; পেশাজীবী প্রতিষ্ঠান |
| ৪. | স্থানীয় সরকারে (বিশেষত উপজেলা ও জেলা পরিষদ) সংসদ সদস্য ও সরকারি কর্মকর্তাগণের ভূমিকা ও এখতিয়ার সুনির্দিষ্টকরণ | গাইডলাইন প্রণীত | স্বল্পমেয়াদে | স্থানীয় সরকার বিভাগ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৫. | জেলা পরিষদের কর্মপরিধি নির্ধারণ এবং জেলাকে স্থানীয় সরকারের কেন্দ্রবিন্দু হিসাবে চিহ্নিতকরণ | কর্মপরিধি নির্ধারিত ও স্পষ্টীকৃত | মধ্যমেয়াদে | স্থানীয় সরকার বিভাগ | |
| ৬. | স্থানীয় সরকার সার্ভিস প্রবর্তন | স্থানীয় সরকার সার্ভিস বিধি প্রণয়ন ও তদনুসারে লোকবল নিয়োগ। | দীর্ঘমেয়াদে | স্থানীয় সরকার বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ৭. | স্থানীয় সরকারের প্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা | প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি কার্যক্রমের প্রতিবেদন | চলমান | স্থানীয় সরকার | সংশ্লিষ্ট প্রশিক্ষণ |

CS CamScanner

০২। এমতাবস্থায়, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ কৌশলপত্রের স্থানীয় সরকার বিভাগের কর্ম-পরিকল্পনায় স্থানীয় সরকার বিভাগের জন্য নির্ধারিত কার্যক্রম অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নোক্ত ছক(ছক-খ) মোতাবেক **আগামী ৩০ এপ্রিল ২০২৩** তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**ছক:খ**

| ক্রমিক | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | | |

সংযুক্তি: জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২।

১৮-৪-২০২৩
মুহাম্মদ নাজমুল হক
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৫৮৮৯৬
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: inar_sec@cabinet.gov.bd

সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.৯৭/১(৫)

তারিখ: ৫ বৈশাখ ১৪৩০
১৮ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব (সংযুক্ত), প্রশাসনিক সংস্কার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৩) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
৫) ব্যক্তিগত কর্মকর্তা, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

১৮-৪-২০২৩
মুহাম্মদ নাজমুল হক
সিনিয়র সহকারী সচিব

CS CamScanner